NYC Consumer Affairs

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী:
# *সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকা আবেদন*

2রা সেপ্টেম্বর, 2016 তারিখে ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (DCA) *The City Record (দ্য সিটি রেকর্ডে)* সাধারণ বিক্রেতাদের লাইসেন্সের জন্য একটি নতুন প্রতীক্ষা তালিকা প্রতিষ্ঠা করা নিয়ে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে। এই পৃষ্ঠাটির মধ্যে সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকার আবেদন নিয়ে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী অন্তর্ভুক্ত রয়েছে।

## একটি সাধারণ বিক্রেতা লাইসেন্সের জন্য আবেদন করতে কারা প্রতীক্ষা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার আবেদন করতে পারেন?

প্রতীক্ষা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য যে কেউ আবেদন করতে পারেন।

*গুরুত্বপূর্ণ*: **আপনিও নিজেকে প্রতীক্ষা তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য আবেদন করতে পারেন।** আপনি পারবেন নাঃ

- অন্য কোন ব্যক্তিকে আপনার প্রতীক্ষা তালিকার অবস্থান স্থানান্তর করতে।
- আপনাকে প্রতীক্ষা তালিকার অবস্থান স্থানান্তর করে দেওয়ার জন্য অন্য কাউকে আবেদন করতে বলতে পারবেন না।

## অপেক্ষা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য কি আমি একাধিক আবেদন জমা দিতে পারি?

না। আপনি প্রতীক্ষা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য শুধুমাত্র একবারই আবেদন করতে পারেন।

## অপেক্ষা তালিকায় আবেদনের প্রয়োজনীয়তাগুলি কি কি?

আপনি অবশ্যই একটি সম্পূর্ণ করা সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকার আবেদনের ফর্ম ও এমন একটি বৈধ ছবিসহ পরিচয়পত্র (ID) –র প্রতিলিপি জমা দেবেন যেখানে আপনার জন্মতারিখটি উল্লেখিত রয়েছে। গ্রহণযোগ্য পরিচয়পত্রের ধরণগুলির মধ্যে রয়েছে:

- স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলসের দ্বারা জারী করা ড্রাইভার্স লাইসেন্স বা নন -ড্রাইভার্স লাইসেন্স পরিচয়পত্র
- পাসপোর্ট
- অ্যালিয়েন কার্ড/গ্রীন কার্ড
- মিউনিসিপ্যাল আইডি কার্ড

*দ্রষ্টব্যঃ* যদি আপনার কোনো ধরনের তালিকাভুক্ত ফটো আইডি না থাকে, তবুও আপনি ওয়েটিং লিস্টে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে জেনারেল ভেন্ডর লাইসেন্সের আবেদন করার জন্য ফটো আইডি'র প্রয়োজন। DCA আপনাকে যত দ্রুত সম্ভব ফটো আইডি'র ব্যবস্থা করার জন্য পরামর্শ দিচ্ছে যাতে DCA প্রতীক্ষা তালিকায় আপনার নম্বরে পৌঁছলে আপনি আবেদনের জন্য প্রস্তুত থাকেন। একটি জেনারেল ভেন্ডর লাইসেন্সের জন্য আপনি ফটো আইডি ছাড়া আবেদন করতে পারবেন না

## আমি কোথা থেকে সাধারণ বিক্রেতা তালিকার আবেদন ফর্ম পেতে পারি?

আপনি নিম্নলিখিত উপায়ে সাধারণ বিক্রেতা তালিকার আবেদন ফর্ম পেতে পারেন:

- nyc.gov/dca ওয়েবসাইটে যান
  *দ্রষ্টব্য*: DCA 17ই অক্টোবর, 2016 তারিখে আবেদনের ফর্মটি পোস্ট করবে।
- 311-তে ফোন করুন এবং "সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকা-আবেদন" পরিষেবাটির কথা জিজ্ঞাসা করুন।

- এখানে যান:
    - 42 Broadway, Lobby, Manhattan-এ DCA-র লাইসেন্সিং সেন্টার। কাজের সময়গুলি হল সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00 টা থেকে বিকেল 5:00 টা এবং বুধবার সকাল 8:30টা থেকে বিকেল 5:00টা।

      অথবা

    - NYC স্মল বিজনেস সাপোর্ট সেন্টার90-27 Sutphin Blvd, 4th Floor, Jamaica, Queens-এ যান। কাজের সময় হল সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে বিকেল 5:00 টা।

## আমি কখন আমার সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকার আবেদনটি জমা দিতে পারি?

আপনি শুধুমাত্র আবেদন পর্ব চলাকালীনই আপনার সম্পূর্ণ করা আবেদনের ফর্ম এবং ছবিসহ পরিচয়পত্রের প্রতিলিপি জমা দিতে পারেন। সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকার জন্য আবেদন করার সময় 17ই অক্টোবর 2016 থেকে শুরু হচ্ছে এবং শেষ হচ্ছে 15ই নভেম্বর 2016 তারিখে। **এই সময়ের পরে জমা দেওয়া আবেদনপত্রগুলি DCA গ্রহণ করতে পারবে না।**

## আমি কিভাবে আমার সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকার আবেদনটি জমা দিতে পারি?

আপনি নিম্নলিখিত দুটি উপায়ের মধ্যে একটিতে আপনার সম্পূর্ণ করা আবেদনের ফর্ম এবং ছবিসহ পরিচয়পত্রের প্রতিলিপি জমা দিতে পারেন।:

- ব্যক্তিগতভাবে জমা দিলে যেটি শুরু হচ্ছে 17ই অক্টোবর, 2016 থেকে 15ই নভেম্বর, 2016-র বিকেল 5টা পর্যন্ত:

  ডিসিএ লাইসেন্সিং সেন্টার (DCA Licensing Center)
  42 ব্রডওয়ে, লবি
  নিউ ইয়র্ক, NY 10004
  কাজের সময়গুলি হল সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00 টা থেকে বিকেল 5:00 টা এবং বুধবার সকাল 8:30টা থেকে বিকেল 5:00টা।

  অথবা

  NYC স্মল বিজনেস সাপোর্ট সেন্টার
  90-27 সাটফিন ব্যুলভার্ড, 4র্থ তল
  জামাইকা, NY 11435
  কাজের সময় হল সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে বিকেল 5:00 টা।

- DCA-র অনলাইন ওয়েবসাইটnyc.gov/dca ব্যবহার করে 17ই অক্টোবর, 2016 থেকে 15ই নভেম্বর, 2016-র বিকেল 5টা পর্যন্ত।

- উপরে উল্লেখ করা ঠিকানায় DCA লাইসেন্সিং সেন্টারে নিয়মিত ডাকযোগে পাঠিয়ে। *দ্রষ্টব্য*: আপনার আবেদন থাকা খামটিতে অবশ্যই 15ই নভেম্বর, 2016-র পরের পোস্টমার্ক থাকা চলবে না।

*গুরুত্বপূর্ণ*: **DCA যেন অবশ্যই 15ই নভেম্বর, 2016-র বিকেল 5টার মধ্যে আপনার সম্পূর্ণ আবেদন পেয়ে যায়।**

## যদি আমি প্রতীক্ষা তালিকায় অন্তর্ভুক্ত হতে আমার আবেদন জমা দেওয়ার পরে আমার যোগাযোগের ঠিকানা পাল্টাই তাহলে কি হবে?

আপনি অবশ্যই যোগাযোগের ঠিকানায় হওয়া কোন পরিবর্তন নিয়ে লিখিতভাবে DCA -কে সূচিত করবেন নাহলে সাধারণ বিক্রেতা লাইসেন্সের জন্য আবেদন করার সুযোগ হারাবার ঝুঁকি থাকবে। nyc.gov/dca-তে উপলব্ধ ঠিকানা পরিবর্তনের ফর্মটি পূরন করুন (Change of Address) এবং DCA –তে স্বশরীরে গিয়ে, অনলাইনে, বা সাধারণ ডাকে জমা করুন উপরোক্ত ঠিকানাটি দেখুন।

## DCA কিভাবে সাধারণ বিক্রেতা প্রতীক্ষা তালিকায় আমার স্থান নির্ধারণ করবে?

আবেদনের পর্ব বন্ধ হলে, DCA কম্পিউটার-সৃষ্ট যথেচ্ছ সংখ্যা দিয়ে নির্বাচিত প্রোগ্রামের উপর ভিত্তি করে গৃহীত প্রত্যেকটি আবেদনে একটি অগ্রাধিকার সংখ্যা (যেমন, অবস্থান) আরোপ করবে। প্রতীক্ষা তালিকায় আপনার সংখ্যা কত তা DCA আপনাকে লিখিতভাবে সূচিত করবে।

## আমি সাধারণ বিক্রেতার লাইসেন্সের জন্য আবেদন করার উপযুক্ত কিনা তা কিভাবে জানব?

যদি একটি সাধারণ বিক্রেতা লাইসেন্সের জন্য আবেদন করার উপযুক্ত হতে অপেক্ষা তালিকায় আপনার অবস্থানের উপর ভিত্তি করে আপনাকে নির্বাচন করা হয় তাহলে DCA আপনাকে লিখিতভাবে তা সূচিত করবে। আপনার প্রদত্ত সবথেকে সাম্প্রতিক যোগাযোগের ঠিকানায় DCA ডাকযোগে একটি নির্দেশসহ বিজ্ঞপ্তি পাঠাবে।

## যদি আমি সাধারণ বিক্রেতা লাইসেন্সের জন্য আবেদন করার প্রস্তাব পাই তাহলে আমাকে কি করতে হবে?

আপনার প্রদত্ত সবথেকে সাম্প্রতিক যোগাযোগের ঠিকানায় DCA ডাকযোগে যে নির্দেশসহ বিজ্ঞপ্তি পাঠাবে সেটিতেই কিভাবে আবেদন করতে হবে তার নির্দেশ অন্তর্ভুক্ত থাকবে। **DCA-র প্রস্তাব পাওয়ার তারিখ থেকে 60 দিনের মধ্যে আপনাকে অবশ্যই প্রয়োজনীয় মাশুলসহ সম্পূর্ণ করা সাধারণ বিক্রেতার লাইসেন্সের আবেদনটি জমা করতে হবে।** সাধারণ বিক্রেতার লাইসেন্সের প্রয়োজনীয়তাগুলি nyc.gov/dca-এ অনলাইনে রয়েছে।

*গুরুত্বপূর্ণ:* **যদি আপনি DCA-র প্রস্তাব পাওয়ার তারিখ থেকে 60 দিনের মধ্যে লাইসেন্স করানোর সব প্রয়োজনীয়তাগুলির সাথে সঙ্গতি বজায় না রাখেন, তাহলে DCA-র প্রস্তাবটি বাতিল হয়ে যাবে।**

## যদি আমি সাধারণ বিক্রেতার লাইসেন্সের জন্য আবেদন করার প্রস্তাব না পাই, তাহলে কি ভবিষ্যতে তার জন্য আবেদনের সুযোগ থাকবে?

আইন অনুসারে, যখন লাইসেন্সপ্রাপ্ত সাধারণ বিক্রেতার সংখ্যা 853-র নীচে নেমে যায় তখন সিটি নতুন সাধারণ বিক্রেতার লাইসেন্স জারী করতে পারে। যখন DCA নির্ধারণ করবে যে সাধারণ বিক্রেতার লাইসেন্স উপলব্ধ রয়েছে, তখন DCA সাধারণ বিক্রেতার লাইসেন্সের জন্য আবেদন করার উপযুক্ত হতে অপেক্ষা তালিকায় আপনার অবস্থানের উপর ভিত্তি করে আপনাকে ডাকযোগে একটি বিজ্ঞপ্তি পাঠাবে।

## যদি আমার অতিরিক্ত প্রশ্ন থাকে তাহলে কি হবে?

অতিরিক্ত তথ্যের জন্য nyc.gov/dca -এ যান বা 311-তে কল করে সাধারণ বিক্রেতার লাইসেন্স সম্পর্কে একজন DCA প্রতিনিধির সাথে কথা বলতে চান।